

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায়  
নৈতিকতা বিষয়ক সভা

সভাপতি : ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস

স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর , প্রশিক্ষণ হল রুম।

তারিখ: ৩০/০৩/২০২৩ ইং

সময় : বিকাল ৩.০০ ঘটিকায়

সভায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় সকল সদস্যদের নাম পদবীসহ স্বাক্ষর পরিশিষ্ট 'ক' দেওয়া হল।

সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের মধ্য থেকে বক্তব্য আহবান করলে উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃতরিকুল ইসলাম বলেন আমাদের অফিসের সবাই নিয়মনীতি মধ্য থেকে যার যার সেবা সে সঠিকভাবে দিয়ে যাচ্ছে। তবে তিনি বলেন অনেক হাতুড়ে চিকিৎসক চিকিৎসার নামে অপ চিকিৎসা চালিয়ে যাচ্ছে ও খামারীরা সর্বশান্ত হচ্ছে। এছাড়া তিনি বলেন বিভিন্ন এনজিও কর্মীরা কৃত্রিম প্রজননের নামে মানুষকে ঠকিয়ে টাকা নিচ্ছে। এসব ব্যাপারে তিনি প্রাণিসম্পদ কর্মকর্তাকে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি বলেন ভিএস, ড্রেসার ও কম্পাউন্ডার না থাকার কারণে চিকিৎসা ক্ষেত্রে সমস্যা হচ্ছে বলে জানান।

আর একজন সিল বলেন কৃত্রিম প্রজনন স্বেচ্ছাসেবীরা যাতে সেবা মূল্যের বাহিরে অতিরিক্ত ফি না নেয় সেজন্য তিনি কৃত্রিম প্রজনন কর্মীদের অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ (১) ইউএলও মহোদয় সিল, এআই কর্মী, এলএফএ, এফএ, এলএসপি এবং এসএএলও দের-কে যার যার অবস্থান থেকে নির্দিষ্ট সেবা মূল্যের মধ্য থেকে সেবা দেওয়ার জন্য বলেন।

(২) ইউএলও মহোদয় বলেন হাতুড়ে ডাক্তার এবং বিভিন্ন এনজিও এআই কর্মীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

(৩) ইউএলও মহোদয় এক প্রশ্নের জবাবে সবাই একযোগে বলেন সবাই আমরা যথাসময়ে উপস্থিত হচ্ছি এবং যথাসময়ে অফিস ত্যাগ করছি। পূর্বেও সিদ্ধান্ত ১০০% কার্যকর হওয়ায় ইউএলও মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর  
পাইকগাছা, খুলনা।